



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বৃহস্পতিবার রাজধানী ঢাকায় ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে ইউনিভার্সিটির ১৪তম সমাবর্তন অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান করেন

পিআইডি

ইস্ট-ওয়েস্ট ভার্সিটির সমাবর্তন শিক্ষার মান নিশ্চিতের আহ্বান রাষ্ট্রপতির

■ বাসস

দেশের বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি উচ্চশিক্ষার মান নিশ্চিত ও তা বজায় রাখার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। তিনি বলেছেন, উচ্চশিক্ষার সুযোগ ও শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সঙ্গে শিক্ষার মান ও তার ধারাবাহিক উন্নয়ন নিশ্চিত করা এখন চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোকে এ চ্যালেঞ্জ মোকাবেলায় এগিয়ে আসতে হবে। রাষ্ট্রপতি গতকাল বৃহস্পতিবার ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির ১৪তম সমাবর্তনের ভাষণে এ কথা বলেন।

দেশের বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর আবদুল হামিদ বলেন, সরকার শিক্ষার সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। শিক্ষার সম্প্রসারণ নিশ্চিত ইতিমধ্যে জাতীয় শিক্ষানীতি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়

পৃষ্ঠা ১০: কলাম ৩

শিক্ষার মান

[তৃতীয় পৃষ্ঠার পর]

আইন প্রণয়ন করেছে। ঢাকার বাইরে সরকারি ও বেসরকারি খাতে বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দেওয়ার পর দেশব্যাপী উচ্চশিক্ষার পরিসর সম্প্রসারিত হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, দেশে এখন ১১৭টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। ২০১৫ সালে এসব প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা ৩০ লাখে উন্নীত হয়েছে। ৫ বছর আগে এ সংখ্যা ছিল মাত্র ৮০ হাজার। বিশ্ববিদ্যালয়গুলো জ্ঞানচর্চা ও শিক্ষার বিশাল পরিসরের দরজা খোলা রাখবে বলে আশা প্রকাশ করেন তিনি।

ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নতুন গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি শিক্ষার্থীদের দেশ ও জনগণের কল্যাণে কাজ করার আহ্বান জানান। এতে অন্যদের মধ্যে সাবেক প্রধান বিচারপতি তোফাজ্জেল আহমেদ, বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ড. মোহাম্মদ ফরাশউদ্দিন ও আইস চ্যান্সেলর প্রফেসর আহমেদ শাকি বক্তৃতা করেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন অ্যাডভোকেট সুলতানা কামাল।

